[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা কলেক্টেরেট স্কুল এ্যান্ড কলেজের নতুন ভবন নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা কলেক্টেরেট স্কুল এ্যান্ড কলেজের নতুন ভবন নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা কলেক্টেরেট স্কুল এ্যান্ড কলেজের নতুন ভবন নির্মাণ কাজের মাটি কেটে ও ফলক উম্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়।

শিক্ষার উন্নয়নের জন্য প্রয়োজন শ্রেণিকক্ষ ও পাঠদান কক্ষ। শ্রেণী কক্ষ ও শিক্ষার মান উন্নয়নে বর্তমান সরকার স্কুল ও কলেজে নতুন নতুন ভবন নির্মাণ করছে। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা কলেক্টেরেট স্কুল এ্যান্ড কলেজে ১তলা বিশিষ্ট নতুন ভবন নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

৮৫ লাখ টাকা ব্যায়ে কুষ্টিয়ার সৈকত এন্টার প্রাইজ নামের ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মান কাজ করছে। চুয়াডাঙ্গা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ভবন নির্মান কাজের তদারকি করছে।

ভবন নির্মাণ কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, অতিরিক্ত জেলা প্রশাসক ইয়াসির আরাফাত, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোঃ আবু রাসেদ, চুয়াডাঙ্গা কলেক্টেরেট স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ মাসুদুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলি ফজলুর রহমান সহ চুয়াডাঙ্গা কালেক্টেরেট স্কুল এন্ড কলেজের শিক্ষকবৃন্দ।

মুজিবনগরে সাংবাদিক শফির মায়ের ইন্তেকাল

মুজিবনগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও মাথাভাঙ্গা প্রতিনিধি শফি আহমেদের মা আয়াতন নেসা (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার দিকে মুজিবনগরের নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি তিন ছেলে, তিন মেয়ে, নাতি নাতকুড়িসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

সাংবাদিক শের খান জানান, আজ বাদ এশা জানাযা শেষে স্থানীয় মানিকনগর কবরস্থানে দাফন করা হবে।

ঝিনাইদহের শহীদ আলতামতি মৃত্যু’র ২৬ বছরেও পরিবারের পাশে দাঁড়ায়নি কেউ!

১৯৯৬ সালে ১৫ ফেব্রুয়ারী বিএনপি’র একদলীয় নির্বাচনে নিহত আলতামতির বড় ছেলে রিপনের বয়স এখন ৩০ বছর এইচএসসি পাশ করেও পেশায় কৃষক, ছোট ছেলে শিপনের বয়স ২৬ বছর ২মাস লেখাপড়া শিখে এখন ক্ষুদ্র ব্যবসায়ী। ছোট বেলায় মাকে হারিয়ে পায়নি মায়ের স্নেহ ভালোবাসা। মানুষ হয়েছে কখনো দাদির কাছে কখনো বা নানির কাছে এভাবে অযত্ন অবহেলায় বেড়ে উঠেছে তারা।

ঘটনাটি ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামে। আলতামতি একই গ্রামের মৃত আব্দুর রহমান বিশ্বাসের মেয়ে। ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারী বিএনপির একদলীয় জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগসহ অন্যান্য রাজনৈতিক দল প্রতিরোধের ঘোষণা দেয়। নির্বাচন ঠেকাতে গিয়ে সারাদেশের ১২জন নিহত হয়।

হরিনাকুন্ডু উপজেলার ভাতুড়িয়া ভোট কেন্দ্রে পুলিশের গুলিতে নিহত হয় আলতামতি। রেখে যায় তার নাবালক দুই শিশু সস্তান। বড় ছেলে রিপনের বয়স ৪ বছর এবং ছোট ছেলে শিপনের বয়স তখন ২মাস। অনেক কষ্টে শিষ্টে মানুষ হয়েছে তারা। একই বছর ১২ই জুন আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর তৎকালীন প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তাদের নানার জিম্মায় ১লক্ষ টাকা পারিবারিক অনুদান দেন। সেই টাকা রিপন শিপনের বাবা আব্দুল খালেক বিভিন্ন সময় নিয়ে খরচ করেছে। পরবতির্তে সে দ্বিতীয় বিয়ে করার পর সন্তানদের আর সেভাবে খোজ নেইনি।

প্রথম দুই চার বছর পারিবারিক এবং উপজেলা আওয়ামী লীগের সহযোগীতায় আলতামতির মৃত্যু বার্ষিকী পালন করা হলেও এখন আর সেসব হয়না।

এমনকি আওয়ামী লীগ বার বার ক্ষমতায় আসার পরেও আর কোনদিন কোন নেতা খোঁজ নেই নি সেই এতিমদের। তাদের কপালে একটা পিয়নের চাকুরী পর্যন্তও জোটেনি। দেশে মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন কোটায় হাজার হাজার মানুষের চাকুরী হচ্ছে, পরিবার পাচ্ছে নানান সুযোগ সুবিধা। রাষ্ট্রীয় সংঘাতে মা হারানো এই এতিমদের কি সরকারী কোন সুযোগ সুবিধা পাওয়ার অধিকার নেই?

এমন প্রশ্ন এখন দেখা দিয়েছে তাদের স্বজনদের মাঝে। উল্লেখ্য যে এই কলঙ্ক জনক নির্বাচনকে কেন্দ্রকরে সারা দেশে ১২জন নিহত হয়েছিল। যেহেতু আওয়ামী লীগের সরকার এখন ক্ষমতায় আছে সেহেতু এসব শহীদের স্বজনদের দাবি সেদিনে নিহত এই ১২জন কে শহীদ হিসেবে রাষ্ট্রীয় ভাবে স্বীকৃতিদানসহ তাদের সন্তান ও স্বজনদের সরকারি কোটায় সামর্থ অনুযায়ী চাকুরী অথবা অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হোক।

মেহেরপুরে ভোরের কাগজ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী

পালন

কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে জাতীয় দৈনিক পত্রিকা ভোরের কাগজের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। প্রকাশনার ৩১ বছর পদার্পণ উপলক্ষে মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এ আয়োজন করা হয়।

ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিক্ষা কর্মকর্তা মাহফুজুল হোসেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ও কালেরকন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিনের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, প্রথম আলো প্রতিনিধি আবু সাইদ, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়র প্রধান শিক্ষক মাহাবুব রহমান, সময়ের আলো প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা।

এসময় উপস্থিত ছিলেন, চ্যানেল নাইন প্রতিনিধি আবু নাসের সম্রাট, ঢাকা পোস্ট ও বাংলাটিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, দৈনিক মাটির ডাক পত্রিকার প্রতিনিধি মুহম্মদ মহসীন, দৈনিক জবাবদিহি পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহীন, আমাদের অর্থনীতি পত্রিকার জেলা প্রতিনিধি মাসুদ রানা, দৈনিক আমাদের নতুন সময় পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল প্রমুখ।

মেহেরপুরে শিক্ষকদের ১০ দফা দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি

প্রদান

মেহেরপুরে শিক্ষাব্যবস্থার জাতীয়করণ ও পূর্ণাঙ্গ উৎসব ভাতাসহ ১০ দফা দাবিতে পূরণের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে স্বাধীনতা শিক্ষক কর্মচারী ফাউন্ডেশনে মেহেরপুর জেলা শাখার আয়োজনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা শাখা স্বাধীনতা শিক্ষক-কর্মচারী ফাউন্ডেশনের আহবায়ক মোঃ আশরাফুজ্জামানের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন, স্বাধীনতা শিক্ষক-কর্মচারী ফাউন্ডেশনের মুজিবনগর উপজেলা সাধারণ সম্পাদক মোঃ আনারুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা সভাপতি মোঃ তাহাজউদ্দীন, জেলা সাধারণ সম্পাদক মোঃ আলিফ হোসেন সহ প্রমুখ। এসময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকারা উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মুনসুর আলম খানকে তাদের দাবি সম্বলিত স্মারকলিপিটি প্রদান করা হয়।

মেহেরপুর প্রতিদিনের স্টাফ তুষারের ইন্তেকাল

মেহেরপুর প্রতিদিনের ডেস্ক স্টাফ আশরাফুজ্জামান তুষার অসুস্থজনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। আজ মঙ্গলবার দুপুর ১২ টার সময় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেছেন। তিনি সার্কিট হাউস পাড়ার জমসেদ আলীর ছেলে।
অসুস্থতার কারণে গত ১৫ জানুয়ারি থেকে তিনি ছুটিতে ছিলেন। তার মৃত্যুতে মেহেরপুর প্রতিদিন পরিবার গভীর ভাবে শোকাহত এবং শোকাহত পরিবারের প্রতি সমবেদন জ্ঞাপন করছে।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ২৭ বছর। তিনি স্ত্রী, বাবা-মা ও এক ভাইসহ বহু গুনাগ্রহী রেখে গেছেন।

মেহেরপুরের রাজনগরে রাত জেগে পাহারায় বাধ্য করাচ্ছেন পুলিশ ও নেতারা

এলাকায় তেমন চুরি ডাকাতি নেই। আইন শৃঙ্খলা পরিস্থিতিও ভালো। কিন্তু চুরি ডাকাতির আজগুবে এক আতংক ছড়িয়ে দিনমজুরদের জোর করে রাত জেগে পাহারার ব্যবস্থা করেছেন স্থানীয় আওয়ামী লীগের কতিপয় নেতা ও পুলিশ প্রশাসন। পুলিশ ও কতিপয় আওয়ামী লীগ নেতার হুমকী ধামকী ও মিথ্যা মামলার ভয়ে রাত জেগে পাহারা দিলেও দিন এনে দিন খাওয়া মানুষগুলোর মধ্যে চলছে চরম ক্ষোভ।
তবে, আওয়ামী লীগ নেতারা বলছেন, গ্রামের মানুষের জান ও মালের নিরাপত্তা নিশ্চিত করতেই মানুষকে দিয়ে রাত জেগে পাহারা বসানো হয়েছে। এক্ষেত্রে কাউকে হুমকী ধামকী দেওয়া হয়না।
আর ক্যাম্প পুলিশ বলছে, গ্রামবাসীদের অভিযোগ সঠিক নয়, সিনিয়র কর্মকর্তাদের নির্দেশে এ ব্যবস্থা করা হয়েছে।

গত রবিবার বিকালে সরেজমিনে মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে গিয়ে স্থানীয় অর্ধশত গ্রামবাসি, আওয়ামী লীগের নেতা, ইউনিয়ন পরিষদের সদস্য ও বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জের সাথে কথা বলে এ সংবাদ লেখা হয়।

দিন মজুর লাল মহাম্মদ ক্ষোভ প্রকাশ করে বলেন, আমি ও আমার মত এই গ্রামবাসি সারাদিন কাজকাম করে শরীরে আর পারিনা। শরীর অসুস্থ থাকলেও রাতে এসে গ্রাম পাহারা দিতে হচ্ছে। আমি আজ ১২ দিন একইভাবে রাত ১২ টা থেকে রাত টা পর্যন্ত পাহারা দিচ্ছি।
গ্রামের ৭০উর্দ্ধ রবিউল ইসলাম বলেছেন, আমি বৃদ্ধ মানুষ। আমার শরীর চলেনা। তারপরেও পুলিশ ও গ্রামের কয়েকজন নেতার অব্যাহত হুমকী ধামকীতে পাহারা দিতে হচ্ছে আমাকে।

দিন মজুর জামিরুল ইসলাম বলেছেন, দেড় শ টাকার মুনিশ খাইটি তিন শ টাকার লাইট কিনে রাতে গ্রাম পাহারা দিতে হবে। কিছূ বললে আসবে হুমকী। গ্রাম ছাড়া হতে হবে। এজন্য ভয়ে ভয়ে রাত জেগে পাহারা দিতে আসি।

একই অভিযোগ গ্রামের অন্যান্য মানুষদের। তাদের দাবি দেশে পুলিশ থাকতে আমাদের মত খেটে খাওয়া মানুষদের কেন রাত জেগে পাহারা দিতে হবে? তারা আরো অভিযোগ করে বলেন, গ্রাম পাহারা দিতে না চাইলে দারোগা দেবাশীষ অধিকারী তাদের ঠান্ডা পানিতে চুবিয়ে শাস্তি দেওয়ার হুমকী দেন। এছাড়া বাড়িতে বাড়িতে এসে হুমকী ধামকী দিয়ে আতংক তৈরী করে দেন।

গ্রাম আওয়ামীলীগের সহসভাপতি আব্দুস সালাম সাংবাদিকদের দেখে তিনি ক্ষুব্ধ হয়ে উঠেন। তিনি বলেন, দু মাস আগে মাঠের কয়েকটি স্যালো মেশিনের মটর চুরি ও পাশের গ্রামের এক ব্যাক্তির তিনটি গরু চুরি হয়েছে। এইসব ছোটখাটো চুরি বন্ধ করতেই রাজনগর গ্রামের শেখপাড়া, বেইলিরমাঠপাড়া ও মল্লিকপাড়াতে প্রতিদিন তিনটি গ্রুপে ৩০ জন লোক রাত পাহারার ব্যবস্থা করা হয়েছে।

স্থানীয়রা জানান, গ্রাম আওয়ামী লীগের সভাপতি ওলিল হোসেন, সহসভাপতি আব্দুস সালাম, পুলিশ কমিটির সভাপতি জুগিন্দা গ্রামের আইনাল হকসহ, দরবেশপুর গ্রামের কয়েকজন নেতা দরবেশপুর গ্রামে বসে বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ দেবাশীষ অধিকারী মিলে মিটিং করে রাজনগর ও দরবেশপুর গ্রামে পাহারা দেওয়ার ব্যবস্থা করেন।

এ প্রসঙ্গে পিরোজপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বর) আরমান আলী জানান, প্রচন্ড শীতের সময় সাধারণত এলাকায় দু একটি চুরি সংঘটিত হওয়ার আশংকা থাকে। তাই স্থানীয় নেতৃবৃন্দ পুলিশের সাথে বসেই রাত পাহারা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তবে এ পাহারা দেওয়ার পক্ষে নন তিনি।

বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) দেবাশীষ অধিকারী তার বিরুদ্ধে স্থানীয়দের অভিযোগের কথা অস্বীকার করে বলেন, আমি ওসি স্যারের হুকুম তামিল করি মাত্র। আপনারা আমার ওসি স্যারের সাথে বিষয়টি নিয়ে কথা বলেন। তবে, এলাকার মানুষ জন তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিজেরাই পাহারার ব্যবস্থা করেছেন।

সাম্প্রতিক সময়ে এলাকা থেকে চুরি যাওয়া গরু, মাঠের স্যালো মেশিনের মটর ও বিদ্যুতের ট্রান্সফরমার চুরির সাথে জড়িত কাউকে আটক

করা গেছে কিনা, মামলা হয়েছে কিনা ও চুরির মাল উদ্ধার করা হয়েছে কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেছেন, গরু চুরি ও মটর চুরির ঘটনায় কেউ মামলা করেনি। তাই চোর ধরা বা সেগুলো উদ্ধার করার কোনো পদক্ষেপও নেয়া হয়নি। এসব বিষয়েও তেমন কোনো কিছু বলতে পারেননি তিনি।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, রাত জেগে গ্রামবাসীদের পাহারা দেওয়ার কোন প্রবিশন নেই। শীতকালীন সময়ে ওই এলাকায় চুরি হওয়ার আশঙ্কা থেকেই গ্রামবাসীরা পাহারা দিচ্ছে। তবে কেই পাহারা দিতে না চাইলে দেবে না।

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্যে বিশ্ব ভালোবাসা দিবস পালিত

আজ বিশ্ব ভালোবাসা দিবস দসেন্ট ভ্যালেন্টাইনস ডে। তবে তরুণ-তরুণী শুধু নয়, নানা বয়সের মানুষের ভালোবাসার বহুমাত্রিক রূপ প্রকাশের আনুষ্ঠানিক দিন আজ।

এ ভালোবাসা যেমন মা-বাবার প্রতি সন্তানের, তেমনি মানুষে-মানুষে ভালোবাসাবাসির দিনও এটি। কিন্তু শুধু একটি দিন ভালোবাসার জন্য কেন? এ প্রশ্নে কবি নির্মলেন্দ গুণের ছোট জবাব, ভালোবাসা একটি বিশেষ ৭ দিনের জন্য নয়।

সারাবছর, সারাদিন ভালোবাসার। তবে আজকের এ দিনটি ভালোবাসা দিবস হিসেবে বেছে নিয়েছে মানুষ। তারুণ্যের অনাবিল আনন্দ আর বিশুদ্ধ উচ্ছ্বাসে সারা দেশের মতো আমাদের জেলার তরুণ-তরুণীদের মাঝেও ভালোবাসা দিবস পালিত হচ্ছে।

ভালোবাসার উৎসবে মুখর আজ ঝিনাইদহ শহর। শহরের প্রাণকেন্দ্রে ছোট ছোট ইন্সটল করে ফুল বিক্রয় চলছে সারা দিন। দেবদারু এভিনিউতে চলছে ভ্যালেন্টাইন্স ডে উপলক্ষে কনসার্ট, শহরের মধ্যে তরুন-তরুনীর ঘুরাঘুরি, এ উৎসবের ছোঁয়া লাগবে গ্রাম-বাংলার জনজীবনেও।

মু

ঠোফোনের মেসেজ, ই-মেইল অথবা অনলাইনের চ্যাটিংয়ে পুঞ্জ পুঞ্জ প্রেমকথার কিশলয় হয়ে উঠবে পল্লবিত। অনেকের মতে, ফেব্রুয়ারির এ সময়ে পাখিরা তাদের জুটি খুঁজে বাসা বাঁধে। নিরাভরণ বৃক্ষে কচি কিশলয় জেগে ওঠে। তীব্র সৌরভ ছড়িয়ে ফুল সৌন্দর্যবিভায়। পরিপূর্ণভাবে বিকশিত হয়।

এ দিনে চকোলেট, পারফিউম, গ্রিটিংস কার্ড, ই-মেইল, মুঠোফোনের এসএমএস-এমএমএসে প্রেমবার্তা, হীরার আংটি, প্রিয় পোশাক, জড়াজড়ি করা খেলনা মার্জার অথবা বই ইত্যাদি শৌখিন উপঢৌকন প্রিয়জনকে উপহার দেয়া হয়। নীল খামে হালকা লিপস্টিকের দাগ, একটা গোলাপ ফুল, চকোলেট, ক্যান্ডি, ছোট্ট চিরকুট আর তাতে দুছত্র গদ্য অথবা পদ্য হয়ে উঠতে পারে উপহারের অনুষঙ্গ।

অন্যদিকে আজকের এ ভালোবাসা শুধুই প্রেমিক আর প্রেমিকার জন্য নয়। মা-বাবা, স্বামী-স্ত্রী, ভাইবোন, প্রিয় সন্তান এমনকি বন্ধুর জন্যও ভালোবাসার জয়গানে আপ্লুত হতে পারে সবাই। চলবে উপহার দেয়া- নেয়া। এইভাবে নিজের ভালোবাসাকে প্রিয় মানুষের মধ্যে ভাগ করে নেওয়া।

গাংনীতে র্যাবের অভিযান চাঁদাবাজির মামলার পরোয়ানাভূক্ত আসামী গ্রেফতার

চাঁদাবাজির মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামী মোখলেচুর রহমান ওরফে মকলেচকে (৩০) গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের সদস্যরা।

মোখলেচুর রহমান গাংনী উপজেলার মোহাম্মদপ্রর গ্রামের কান্দিপাড়া এলাকার মওলা বকসের ছেলে।

গত রোববার দিবাগত রাতে বামন্দী বাজার এলাকা থেকে গ্রেফতার করা

হয়েছে। সোমবার সন্ধ্যায় ঝিনাইদহ সিপিসি ক্যাম্প থেকে প্রেস বিজ্ঞপ্তিতে সাংবাদিকদের এ তথ্য জানান।

তার বিরুদ্ধে গাংনী থানার জিআর মামলা নং ১৯০/১৪ ইং এবং গাংনী থানার জিআর মামলা নং ০২, তারিখ ০২/০৯/২০১৪ ইং। ধারা ৩৮৫/৩৮৭ পিসি।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের ইনচার্জ এএসপি তারেক আমান বান্না এ তথ্য নিশ্চিত করে বলেছেন, আদালতের পরোয়ানাভূক্ত আসামী মোখলেচুর রহমান বামন্দীতে অবস্থান করছেন এমন সংবাদের ভিত্ত্বিতে সেখানে অভিযান চালানো হয়

। র্যাবের উপস্থিতি টের পেয়ে সে পালানোর চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাকে ধাওয়া করে গ্রেফতার করতে সক্ষম হন। গ্রেফতারকৃত আসামীকে জেলার গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।